সমকাল

তারিখ ..24 DEC 2016.....
পৃষ্ঠা ...৪... কলাম....2......

# শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিবাণিজ্য অনুসন্ধানে দুদক

■ সমকাল প্রতিবেদক

ঢাকা মহানগরের আলোচিত নামিদামি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির নামে অনিয়ম, দুর্নীতির সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে অনুসন্ধানে নেমেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এ লক্ষ্যে কমিশন এরই মধ্যে একটি বিশেষ দল গঠন করেছে। এই দলের সার্বিক কার্যক্রম তদারক করবেন দুদক মহাপরিচালক মোহাম্মদ মুনীর চৌধুরী।

বিশেষ এই দলের সদস্যরা হলেন, পরিচালক মীর জয়নুল আবেদীন শিবলী ও সহকারী পরিচালক মজিবুর রহমান। ভর্তির নামে জনগণের কাছ থেকে অর্থ আত্মসাতের সঙ্গে জড়িতদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

জানা গেছে, মহানগরীর উল্লেখযোগ্য কিছু শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিবাণিজ্যের মাধ্যমে অনিয়ম, দুর্নীতির কিছু তথ্য-উপাত্তও রয়েছে দুদকের কাছে। অনুসন্ধানকালে যে কোনো শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের বিরুদ্ধে দুর্নীতির প্রমাণ পাওয়া গেলে তা আমলে নিয়ে অনুসন্ধান করবে দুদক।

অভিযোগ আছে, দীর্ঘদিন থেকে ঢাকা মহানগরীর আলোচিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ভর্তির নামে জনগণের কাছ থেকে নিয়ম-বহির্ভূতভাবে অস্বাভাবিক হারে অর্থ আদায় করছে কিছু অসাধু ব্যক্তি। এর বিরুদ্ধে নানাভাবে প্রতিবাদ করা হলেও এটি বন্ধ হয়নি।

ওই অবৈধ বাণিজ্য নিয়ে গণমাধ্যমেও বিভিন্ন খবর প্রকাশিত হয়েছে। এবার দুদক ওই অবৈধ বাণিজ্যের সঙ্গে জড়িতদের আইনের আওতায় আনার প্রক্রিয়া শুরু করেছে। অনুসন্ধানে যাদের বিরুদ্ধে অবৈধ বাণিজ্যের মাধ্যমে অর্থ আত্মসাতের প্রমাণ পাওয়া যাবে, তাদের বিরুদ্ধে মামলা করা হবে। একই সঙ্গে তাদের গ্রেফতার করে আইনের কাছে সোপর্দ করা হবে।

দুদকের বিশেষ অনুসন্ধান ও তদন্ত বিভাগ থেকে এই বিশেষ উদ্যোগটি নেওয়া হয়েছে।